



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় (বিএসএমআরএইউ)

পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।
একচেঞ্জঃ৫৫০৬০০০০, সম্প্রঃ৫০৯৯, মোবাইল নংঃ০১৭৬৯৯৯৫০৯৯
Website for Online Application: www.bsmraau.edu.bd

স্নাতক শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি শিক্ষাবর্ষঃ ২০২০-২০২১

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (এফএইটি) অনুষদের বিএসসি ইন অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং (অ্যারোস্পেস) ও বিএসসি ইন অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং (অ্যাভিয়েনিক্স) বিষয়ে স্নাতক শ্রেণীতে ২(দুই) টি বিষয়ের প্রতিটিতে ৩০ জন করে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। সুনির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী আগ্রহী শিক্ষার্থীগণ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত লিংকের মাধ্যমে অনলাইন ফরম পূরণ পূর্বক আবেদন করতে পারবেন। যে সকল ছাত্র-ছাত্রী বিজ্ঞান বিভাগ হতে ২০১৭ বা ২০১৮ সালে মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় এবং ২০২০ সালে বিজ্ঞান বিভাগ হতে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন অথবা ২০১৭ সালে বিজ্ঞান বিভাগ হতে মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় এবং ২০১৯ সালে বিজ্ঞান বিভাগ হতে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন কিন্তু উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় তাদের সংশোধিত ফলাফল ১০ সেপ্টেম্বর ২০১৯ তারিখের পর শিক্ষা বোর্ড থেকে প্রকাশিত হয়েছে, অথবা ২০১৬ সালের নভেম্বর বা তার পরে GCE "O" লেভেল এবং ২০১৯ সালের নভেম্বর থেকে ২০২০ সালের অক্টোবর পর্যন্ত GCE "A" লেভেল পরীক্ষার ফলাফল প্রাপ্ত হয়েছেন, (GCE "A" লেভেল পরীক্ষার বিষয়গুলির মধ্যে অবশ্যই গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন থাকতে হবে) অথবা International Baccalaureate (IB) এর প্রার্থীগণের কমপক্ষে ০৬ টি বিষয়ে তাদের পাঠ্যক্রমের রেটিং (৭, ৬, ৫, ৪) অনুযায়ী মোট ৩০ পয়েন্ট থাকতে হবে (যে সকল বিষয়ে রেটিং ১, ২ বা ৩ প্রাপ্ত হয়েছেন সেগুলি পয়েন্ট গণনার জন্য বিবেচিত হবে না) এবং অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে শুধুমাত্র তারাই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবেন। অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (এফএইটি) অনুষদের বিএসসি কোর্স সমূহের শিক্ষাকার্যক্রম প্রাথমিকভাবে অত্র বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি বিল্ডিংস্থ, বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত) এবং পরবর্তীতে লালমনিরহাটের স্থায়ী ক্যাম্পাস হতে পরিচালনা করা হবে। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ভর্তি নীতিমালা অনুযায়ী আগ্রহী প্রার্থীদের মধ্য হতে শিক্ষাগত যোগ্যতা, ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং সাক্ষাৎকারের ফলাফলের ভিত্তিতে যোগ্য ছাত্র/ছাত্রীদের মেধাক্রমানুসারে ভর্তি করা হবে। কোভিড-১৯ সংক্রান্ত বৈশ্বিক মহামারীর কারণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা সমূহ আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি সংক্রান্ত সরকারী বিধি-বিধান, স্বাস্থ্য মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি'র নির্দেশনা মেনে অনুষ্ঠিত হবে।

ভর্তি সংক্রান্ত নির্দেশিকা এবং অনলাইনে আবেদনের লিংক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <https://www.bsmraau.edu.bd>-এর Admission-এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম নির্ভুলভাবে পূরণ করে তা অনলাইনে যথাযথভাবে জমা দিয়ে নির্দিষ্ট এসএমএস ফরমেট অনুযায়ী ফি পরিশোধ করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ সংক্রান্ত যে কোন বিষয়ে সহায়তার জন্য ই-মেইলে sharmabsmraau@gmail.com, sharma.ict@bsmraau.edu.bd এবং মোবাইল নং +৮৮০১৩২২৩১১৪৫৭ এ যোগাযোগ করা যেতে পারে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচীঃ

ক্রমিক নং	ভর্তি কার্যক্রমের বিবরণ	তারিখ ও সময়
১।	অনলাইন আবেদনপত্র পূরণ ও জমা প্রদান আরম্ভ	২০ জুন ২০২১, রবিবার দুপুর ১২:০০ ঘটিকা
২।	অনলাইন আবেদনপত্র পূরণ ও জমা প্রদান সমাপ্ত	০৬ জুলাই ২০২১, মঙ্গলবার রাত ১২:০০ ঘটিকা
৩।	টেলিটক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সার্ভিস চার্জ ২০০/- টাকা (এসএমএস চার্জ ব্যতীত) প্রদানের শেষ তারিখ ও সময়	০৮ জুলাই ২০২১, বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকা
৪।	বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.bsmraau.edu.bd এ প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	১৩ জুলাই ২০২১, মঙ্গলবার
৫।	বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষার ফি এবং প্রবেশ পত্র ডাউনলোড/উত্তোলনের জন্য ৫৫০/-টাকা (এসএমএস চার্জ প্রযোজ্য) টেলিটকের মাধ্যমে প্রেরণের তারিখ	১৫ জুলাই ২০২১, বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকা থেকে ২০ জুলাই ২০২১ মঙ্গলবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত।
৬।	ভর্তি পরীক্ষার তারিখ (ভর্তি পরীক্ষার নির্ধারিত সময়ের ন্যূনতম ৩০ মিনিট পূর্বে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।)	০৭ আগস্ট ২০২১, শনিবার। (সকাল ১০:০০ ঘটিকা থেকে শুরু)।
৭।	ভর্তি পরীক্ষার স্থান	বি এ এফ শাহীন কলেজ ঢাকা, চট্টগ্রাম, যশোর এবং বিমান বাহিনী সি অ্যান্ড এম ইউনিট, লালমনিরহাট।
৮।	সাক্ষাৎকারের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.bsmraau.edu.bd এ প্রকাশ	১৭ আগস্ট ২০২১, মঙ্গলবার।
৯।	সাক্ষাৎকারের তারিখ ও স্থান	২৪ আগস্ট ২০২১, মঙ্গলবার হতে ২৬ আগস্ট ২০২১ বৃহস্পতিবার। বিএসএমআরএইউ এর অস্থায়ী ক্যাম্পাস পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি বিল্ডিংস্থ, বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত)।
১০।	ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.bsmraau.edu.bd এবং নোটিশ বোর্ডে প্রকাশের তারিখ	৩১ আগস্ট ২০২১, মঙ্গলবার।

* বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তির যেকোন নির্দেশনা/তথ্য/শর্ত যেকোন সময় বাতিল/পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

রেজিস্ট্রার
(বিএসএমআরএইউ)